

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mofl.gov.bd

বিষয়: সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি : সুবোল বোস মনি
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও আহবায়ক সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
তারিখ : ২৯/১২/২০২০
সময় : সকাল ১০.৩০ টায়
স্থান : এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার উপস্থিতি কর্মকর্তা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিতি সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্য বিষয়ে সভাপতি প্রারম্ভিক বক্তব্যে বলেন, মন্ত্রপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ওয়েবসাইটে সুশাসনের ০৫টি জবাবদিহিমূলক উপকরণ (জাতীয় শুল্কাচার কোশল, সেবা প্রদান প্রতিশুতি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার) নির্দিষ্ট ক্রম অনুযায়ী আপলোড করতে হবে। সে পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদ করা হয়েছে এবং এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের জন্য ২৮/১০/২০২০ তারিখে পত্র দেয়া হয়। প্রেরিত পত্রের আলোকে দপ্তর/সংস্থাসমূহের স্ব স্ব ওয়েবসাইট আপডেট বিষয়ে আলোচনাপূর্বক ক্রুটিসমূহ নিরসনে নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রত্যেক দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টারে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় সকলকে অবহিত করা হয়। বিস্তারিত আলোচনাটে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) সুশাসনের ০৫টি জবাবদিহিমূলক উপকরণ ক্রম অনুসারে প্রত্যেক দপ্তর/সংস্থার ওয়েবসাইটে আগামী ০৭ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে সেবাবক্তব্য আকারে হালনাগাদ করতে হবে।
- খ) মন্ত্রপরিষদ বিভাগের নির্ধারিত ছক মোতাবেক সিটিজেনস চার্টার হালনাগাদ করতে হবে।
- গ) দপ্তর/সংস্থার আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সিটিজেনস চার্টার বিষয়ে অবহিত করতে হবে।
- ঘ) মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে সিটিজেনস চার্টার বিষয়ে কোন অস্পষ্টতা থাকলে তা নিরসন করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০১২১০
(সুবোল বোস মনি)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও
আহবায়ক সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।